

🗏 আস-সাফফাত | As-Saffat | اُلصًافًات

আয়াতঃ ৩৭: ৭

💵 আরবি মূল আয়াত:

وَ حِفظًا مِّن كُلِّ شَيطْنٍ مَّارِدٍ ﴿٧﴾

আর প্রত্যেক বিদ্রোহী শয়তান থেকে হিফাযত করেছি। — আল-বায়ান
আর (এটা করেছি) প্রত্যেক বিদ্রোহী শয়ত্বান থেকে সুরক্ষার ব্যবস্থা হিসেবে। — তাইসিরুল
এবং রক্ষা করেছি প্রত্যেক বিদ্রোহী শাইতান হতে। — মুজিবুর রহমান

And as protection against every rebellious devil — Sahih International

- ৭. এবং রক্ষা করেছি প্রত্যেক বিদ্রোহী শয়তান থেকে।(১)
 - (১) অনুরূপ দেখুন, সূরা আল-হিজর: ১৭-১৮।

তাফসীরে জাকারিয়া

- (৭) এবং একে প্রত্যেক বিদ্রোহী শয়তান হতে রক্ষা করেছি।[1]
 - [1] অর্থাৎ, পৃথিবীর নিকটতম আকাশে, সৌন্দর্য ছাড়াও তারকারাজি সৃষ্টির আরও একটি উদ্দেশ্য এই যে, বিদ্রোহী শয়তানদল থেকে তার হিফাযত। শয়তান আকাশে (অহীর) কোন কথাবার্তা শোনার জন্য উপস্থিত হয়, তখন তাদের উপর তারকা (উল্কা) নিক্ষেপ করা হয়, যাতে অধিকাংশ সময়ে অনেক শয়তান পুড়ে যায়। যেমন এ কথা পরবর্তী আয়াতে এবং হাদীসে পরিষ্কারভাবে বর্ণনা করা হয়েছে। তারকারাজি সৃষ্টির তৃতীয় উদ্দেশ্য রাত্রের অন্ধকারে পথ প্রদর্শনও; যেমন কুরআনের অন্য স্থানে বর্ণনা করা হয়েছে। উক্ত তিন প্রকার উদ্দেশ্য ছাড়া তারকারাজির অন্য আর কোন উদ্দেশ্য বর্ণনা করা হয়নি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3795

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন